

ক্রম	আমাদের অর্জনসমূহ
১.	প্রবেশন এন্ড আফটার কেয়ার সার্ভিসেস এর মাধ্যমে প্রথম ও লঘু অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তিদের সংশোধন ব্যবস্থা, কারাবন্দী ব্যক্তিদের শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ, শিশু আইন-২০১৩ বাস্তবায়ন।
২.	শহর সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে শহর এলাকার দরিদ্র জনগণকে সংগঠিত করে উন্নয়নের মূল শ্রোতধারায় আনয়ন।
৩.	হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে অসহায় ও দুঃস্থ ভর্তিকৃত রোগীদের চিকিৎসা, ওষুধ ও প্রয়োজনীয় পরীক্ষার ব্যবস্থাকরন।
৪.	ক্যাসার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীদের আর্থিক সহায়তা প্রদান কর্মসূচীর আওতায় আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।
৫.	ক্ষুদ্রজাতিসত্তা, নৃ-গোষ্ঠী সম্পদায়ভুক্ত, অসহায় ও দারিদ্রসীমার নিচে বসবাস কারীদের এককালীন আর্থিক অনুদান প্রদান কর্মসূচীর আওতায় আর্থিক সহায়তা প্রদান।
৬.	নিউরো ডেভেলপমেন্ট প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসা সহায়তা হিসেবে এককালীন অনুদান প্রদান করা হয়েছে।
৭.	স্বচ্ছসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ নিবন্ধন ও নিয়ন্ত্রণ এর আওতায় স্বচ্ছসেবী সমাজকল্যাণ সংস্থাকে নিবন্ধন প্রদান করা হয়েছে।
৮.	প্রতিবন্ধী সনাক্তকরন জরিপ কর্মসূচীর আওতায় ডাক্তার কর্তৃক সনাক্ত করা হয়েছে এবং প্রত্যেককে সুবর্ণ নাগরিক এর পরিচয়পত্র বিতরণ করা হয়েছে।
৯.	বেদে অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচীতে ভাতা ও উপবৃত্তি বিতরণ।
১০.	হিজড়া শিক্ষা উপবৃত্তি বিতরণ।
১১.	সরকারি শিশু পরিবারের মাধ্যমে ১৮ বছর পর্যন্ত পারিবারিক আবহে ভর্তিকৃত শিশুদের লালনপালন।
১২.	সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক ভাতা প্রদান।
১৩.	সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বিধবা ও স্বামী নিগৃহীতা দুঃস্থ মহিলা ভাতা প্রদান।
১৪.	সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রদান।
১৫.	প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি প্রদান।
১৬.	পল্লী সমাজসেবা কার্যক্রম (আর এস এস) ক্ষুদ্রঋণের মাধ্যমে স্বাবলম্বী করন।
১৭.	পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের মাধ্যমে নারীদের ক্ষুদ্রঋণের মাধ্যমে স্বাবলম্বী করন।
১৮.	দল্ল ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রমের আওতায় পুনর্বাসন।
১৯.	আশ্রয়ন কর্মসূচীর আওতায় উপকারভোগীকে উপকৃত করা হয়েছে।